২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ কোর্স (GE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-2

(পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'অরণ্য দেবতা' কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? তার প্রকাশকাল লেখো।

খ) 'এই যারে জানি সে তো হাওয়া নয়'—তাহলে সে কী?

গ) 'ফল দেব, ফুল দেব, দেব আমি পাখিরও কূজন'— কার বক্তব্য কোন কবিতায় বিধৃত আছে?

ঘ) 'ছায়ার জন্য' কবিতায় কার কাছে সব কৃতজ্ঞতা সমীপেষু করা যায় বলে কবি সুনীল গঙ্গোপাধ্যায় মনে করেছেন?

ঙ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসটি প্রথম কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়েছিল?

চ) 'গাছ' গল্পটিতে গাছটি কোথায় দাঁড়িয়ে আছে?

ছ) বিমল কর - এর 'অশ্বত্থ', গল্পে নবনী কোথা থেকে বাজার করে আনে?

জ) বিতানের মা কার লেখা কোন গল্পের চরিত্র?

ঝ) 'অরণ্য দেবতা' প্রবন্ধটি কোথায় এবং কোন উদ্দেশ্যে কথিত হয়েছিল?

ঞ) জীবনযাত্রার প্রথম অবস্থায় মানুষ জীবিকা নির্বাহের জন্য কী করত?

(পরের পাতায়)

ট) 'বনবাণী' কাব্যগ্রন্থটির ভূমিকাটি কবে রচিত হয়েছিল?

ঠ) সতীপ্রসন্ন কোন জায়গা থেকে অটোর পেছনে বসে রাতের প্রকৃতি দেখছিলেন?

ড) পরিবেশ ভাবনামূলক দুটি গ্রন্থের নাম করো।

ঢ) 'রূপসী বাংলা' গ্রন্থের প্রকাশকাল লেখো। এই গ্রন্থে কতগুলি কবিতা আছে?

ণ) রেণু, অরণি এই দুটি চরিত্র কোথায় আছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ছায়ার জন্য' এই কবিতায় কবি গাছের থেকে পুরানো কালের বন্ধু হিসেবে কী কী প্রার্থনা করেছেন?

খ) 'তোর বাড়িটা খুব সুন্দর রে'—কে কাকে এই কথাটি বলেছে? কী দেখে বক্তার মনে হয়েছে বাড়িটি সুন্দর? ১+১+৩

গ) 'অকাজের বউ' গল্পের কথিকা কেন মাছ চুরি করেছিল?

ঘ) 'সুধাপ্রসন্ন এখনো স্টেটসম্যানকেই একমাত্র কাগজ মনে করেন'—উদ্ধৃত লাইনটির উৎস উল্লেখ করে বিবরণ দাও যে উক্ত স্টেটসম্যানে কী ছাপানোর জন্য কী কী কাণ্ড করেন সুধাপ্রসন্ন?

ঙ) 'ঐ গাছগুলো বিশ্ব বাউলের একতারা'— কথাটির অর্থ প্রবন্ধ অনুসারে বুঝিয়ে দাও।

চ) জ্যোতিরিন্দ্র নন্দীর 'গাছ' গল্পটিতে গাছের থেকে মানুষেরা কী কী সুবিধা আদায় করতো?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'তবু ক্ষুদ্র এ শরীরে গোপনে মর্মর ধ্বনি বাজে'— উদ্দিষ্ট বক্তার শরীর ক্ষুদ্র কেন? বক্তা ক্ষুদ্র শরীরে আগামীতে কী কী কাজ করতে চায়? 'আগামী' কবিতা অবলম্বনে বিস্তৃত আলোচনা করো।

খ) 'অকাজের বউ' গল্পটিতে বৌটি কি সত্যই অকাজের? এমন নামকরণের যৌক্তিকতা বিচার করো।

গ) রবীন্দ্রনাথ কেন বৃক্ষরোপণ ও হলকর্ষণ উৎসব প্রচলন করেছিলেন? এ বিষয়ে রবীন্দ্র ভাবনার পরিচয় দাও।

ঘ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের প্রধান চরিত্র কীভাবে প্রকৃতি নিয়ে ভেবেছেন তা বুঝিয়ে দাও।

———————